

# জাবির ভর্তি পরীক্ষা শুরু ৯ ফেব্রুয়ারি

জাহাঙ্গীরনগর  
বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

২৯ জানুয়ারি, ২০২৫  
২২:২৭

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ৯ ফেব্রুয়ারি শুরু হবে। বুধবার (২৯ জানুয়ারি) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটির সদস্যসচিব ও ডেপুটি  
রেজিস্টার শিক্ষা সৈয়দ মোহাম্মদ আলী রেজা এ তথ্য জানান। এই পরীক্ষা ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে।

আলী রেজা জানান, ৯ ফেব্রুয়ারি সকল ৯টায় শুরু হয়ে মোট পাঁচ শিফটে 'ডি' ইউনিটের ছাত্রদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরদিন সোমবার প্রথম চার শিফটে 'ডি' ইউনিটের ছাত্রদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। মঙ্গলবার প্রথম দুই শিফটে 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শিফটে ছাত্রদের এবং দ্বিতীয় শিফটে ছাত্রদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। একইদিনে তৃতীয় শিফট থেকে পঞ্চম শিফট পর্যন্ত 'এ' ইউনিটের ছাত্রদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এ ছাড়া বুধবার (১২ ফেব্রুয়ারি) পাঁচ শিফটে 'এ' ইউনিটের ছাত্রদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। বৃহস্পতিবার ছয় শিফটে 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে প্রথম তিন শিফটে ছাত্রদের এবং পরবর্তী তিন শিফটে ছাত্রদের

পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার শেষ দিন সোমবার প্রথম শিফটে 'সি১' ভর্তি পরীক্ষা এবং পরের তিন শিফটে 'বি' ইউনিটের অন্তর্ভুক্ত  
সমাজবিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এর মধ্যে প্রথম দুই শিফটে ছাত্রী এবং তৃতীয় শিফটে ছাত্রদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষা সম্পর্কিত বিস্তারিত তথ্য- [ju-admission.org](http://ju-admission.org) ওয়েবসাইটে পাওয়া যাবে।

